



# Biman Flight Catering Centre বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার

HAZRAT SHAHJALAL INT'L AIRPORT, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 880-2-8901760-64, 8901729, WEB: www.bfcc-bd.com

সূত্র : ৩০.৩৪.০০০০.০৬৩.২৪.০০২.২০২৩.১১৮৭

তারিখ : ১৪-০৮-২০২৩ খ্রি.

## ইন্টার্ন ভর্তি বিজ্ঞপ্তি

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টারের উৎপাদন শাখায় (কিচেন ও বেকারী ইউনিটে) সম্মানী প্রদান পূর্বক শুধুমাত্র ০৬ মাসের জন্য ইন্টার্ন ভর্তির লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত পূরণকারী উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- ০১। বিএফসিসি'র উৎপাদন শাখায় কিচেন ও বেকারী ইউনিটে শুধুমাত্র ০৬ মাসের জন্য ইন্টার্ন হিসেবে ভর্তি করা হবে।
- ০২। National Hotel Tourism and Training Institute (NHTTI), City & Guilds, UK অথবা সরকারী যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ট্রেড কোর্স সার্টিফিকেট ইন কুকিং/ফুড প্রিপারেশন সম্পন্নকারীগণ আবেদন করতে পারবেন।
- ০৩। যে কোন ফাইভ স্টার হোটেল, বিএফসিসি বা সমমানের ক্যাটারিং প্রতিষ্ঠান প্রদত্ত ন্যূনতম ০৬ (ছয়) সপ্তাহের ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট সার্টিফিকেট এর ফটোকপি (সত্যায়িত) অবশ্যই আবেদনপত্রের সংগে জমা দিতে হবে।
- ০৪। প্রত্যেক নির্বাচিত ইন্টার্নকে দৈনিক হাজিরা সাপেক্ষে ৬০০/- (ছয়শত) টাকা হারে সম্মানী প্রদান করা হবে। নির্ধারিত সম্মানী ব্যতীত অন্য কোন ভাতাদি প্রাপ্য হবেন না।
- ০৫। রোষ্টার মোতাবেক দৈনিক ০৮ ঘণ্টা ডিউটি সম্পন্ন করতে হবে।
- ০৬। প্রত্যেক প্রার্থীকে কমপক্ষে এসএসসি পাস অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ৩০-০৮-২০২৩ খ্রি. তারিখে বয়স সর্বোচ্চ ৩০ বছর (মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর) হতে হবে।
- ০৭। চূড়ান্তভাবে নির্বাচিত ইন্টার্নকে বিএফসিসি'তে ভর্তির সময় পুলিশ ক্লিয়ারেন্স রিপোর্ট বাধ্যতামূলকভাবে সংগে আনতে হবে।
- ০৮। প্রত্যেক নির্বাচিত ইন্টার্নকে ভর্তির পূর্বে বিমান মেডিকেল হতে শারীরিক ফিটনেস সংগ্রহ করতে হবে।
- ০৯। আবেদনকারীকে আবেদনপত্রসহ নির্ধারিত ফরম (০৩ কপি পাসপোর্ট সাইজ ও ০৩ কপি স্ট্যাম্প সাইজ ছবিসহ) পূরণ করে বিএফসিসি'তে জমা প্রদান করতে হবে।
- ১০। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, সংশ্লিষ্ট ট্রেড কোর্সের সনদ অথবা মার্কশীট ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রশংসা পত্র (Testimonial), নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনের প্রদত্ত সনদ, NID কার্ড/জন্মসনদ এর সত্যায়িত ফটোকপি দরখাস্তের সাথে জমা দিতে হবে।
- ১১। দাখিলকৃত কাগজ-পত্র, ছবি ১ম শ্রেণীর গ্যাঞ্জেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ১২। ইতোপূর্বে উৎপাদন শাখায় ইন্টার্ন হিসেবে ০২ (দুই) বার ভর্তিকৃত প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।
- ১৩। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং ইন্টার্ন ভর্তি বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতা যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, ট্রেড কোর্স, জেলা ও স্থায়ী ঠিকানা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন ভর্তির যে কোন পর্যায়ে বাতিল বলে গণ্য হবে।
- ১৪। আগামী ৩০-০৮-২০২৩ খ্রি. তারিখ বিকাল ১৬০০ ঘটিকার মধ্যে বিএফসিসি ও বিমান ওয়েবসাইট ([www.bfcc-bd.com](http://www.bfcc-bd.com), [www.biman.gov.bd](http://www.biman.gov.bd) এবং [www.biman-airlines.com](http://www.biman-airlines.com)) এ নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক তা' পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র ব্যবস্থাপক প্রশাসন, বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা বরাবর নির্ধারিত বাক্সে জমা করতে হবে।
- ১৫। এ ভর্তি সংক্রান্ত কার্যক্রম যে কোন সময় কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার এর পক্ষে-



সৈয়দ মাকসুদ আলম

ব্যবস্থাপক প্রশাসন (ভারপ্রাপ্ত), বিএফসিসি